দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

017

তারিখ 04 NOV 1988
পৃষ্ঠা 3 কলাম 5

# কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষায় সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন

— ভাইস চ্যান্সেলর

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ২রা নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)—কৃষি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মুহাম্মদ আসাদুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে সেসনজটসহ ছাত্র-ছাত্রীদের বিভিন্ন সমস্যা সমাধান এবং বিশ্ববিদ্যালয় অঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া

(৯ম পৃ: দ্র:)

## কৃষি বিশ্ববিদ্যালয়

(৩য় পৃ: দ্র: )

আনার লক্ষ্যে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের একযোগে কাজ করিয়া যাওয়ার আহ্বান জানাইয়াছেন।

ভাইসচ্যান্সেলরের দায়িত্বভার গ্রহণের পর ডঃ আসাদুর রহমান বিশ্ববিদ্যালয়ের জয়নুল আবেদীন মিলনায়তনে গত মঙ্গলবার শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের দুইটি পৃথক সমাবেশে বলেন, জাতীয় প্রেক্ষাপটে কৃষির সার্বিক উন্নয়নের দিকে লক্ষ্য রাখিয়া বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে অধিক গুরুত্ব দিতে হইবে। তিনি কৃষি শিক্ষার মান উন্নয়নে গোষ্ঠী কিম্বা ব্যক্তি স্বার্থের ঊর্ধ্বে উঠিয়া জ্ঞানচর্চা ও গবেষণার একটি প্রতিষ্ঠান হিসাবে বিশ্ববিদ্যালয়কে গড়িয়া তোলার উপর গুরুত্ব আরোপ করেন।